

B.A. Semester-II (Honours) Examination, 2018**BENGALI****Subject Code: 20103****Course Code: AHBNG-203GE2****Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)****Time: 2 Hours****Full Marks: 40***The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : ২×৫=১০
- (ক) ঈশ্বর গুপ্তের দুটি চর্চিত কবিতার নাম লেখো।
- (খ) রবীন্দ্রনাথের লেখা চারটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (গ) প্রকাশকালসহ জীবনানন্দ দাশ-এর প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো।
- (ঘ) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম উল্লেখ করো—‘হাঁসুলিবাঁকের উপকথা’, ‘পুতুলনাচের ইতিকথা’, ‘আদর্শ হিন্দু হোটেল’, ‘গৃহদাহ’।
- (ঙ) ‘নবান্ন’ নাটকটির রচয়িতার নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়?
- (চ) ‘গণনাট্য সংঘ’-এর সঙ্গে যুক্ত একজন নাট্যকারের নাম লেখো। তাঁর রচিত একটি নাটকের নাম উল্লেখ করো।
- (ছ) ‘নীলদর্পণ’ নাটকটির রচয়িতা কে? এটি ইংরেজিতে অনুবাদ কে করেছিলেন?
- (জ) রামমোহন রায়ের লেখা দুটি অনুবাদমূলক রচনার নাম লেখো।
- (ঝ) ‘আলালের ঘরের দুলাল’—গ্রন্থের রচয়িতার নাম কী? এই লেখকের লেখা অপর যে-কোনো দুটি রচনার নাম লেখো।
- (ঞ) ‘পথের পাঁচালী’ গ্রন্থের দুটি প্রধান চরিত্রের নাম উল্লেখ করো। ‘পথের পাঁচালী’-র পরবর্তী অংশ কোন গ্রন্থটিতে বর্তমান?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) বিহারীলাল চক্রবর্তীকে বাংলা গীতিকাব্যের ইতিহাসে ‘ভোরের পাখি’ বলা হয় কেন, তা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) রামমোহন রায়ের লেখা গদ্যের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- (গ) প্যারীচাঁদ মিত্রের রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) ছোটগল্পকার রবীন্দ্রনাথের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটক সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।
- (খ) ‘বিদ্যাসাগর আধুনিক বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী’—বিদ্যাসাগরের গদ্যের আলোচনা প্রসঙ্গে উক্ত মন্তব্যের যথার্থতা বিচার করো।
- (গ) উপন্যাস শিল্পী বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক ও ইতিহাস নির্ভর উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) বাংলা ছোটগল্পে মানিক বন্দ্যোপাধ্যায় ও বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।
- (ঙ) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।